



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

জানুয়ারি ৪, ২০২৬

তারিখ:-----

পৌষ ২০, ১৪৩২

বিআরপিডি-১ সার্কুলার নং-০১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

অভিন্ন ‘পার্সোনাল গ্যারান্টি ফরম’ প্রণয়ন প্রসঙ্গে।

- ১। ব্যাংক-কোম্পানী কর্তৃক গ্রাহককে ঋণ প্রদানের ক্ষেত্রে গৃহীত পার্সোনাল গ্যারান্টি ফরম একটি গুরুত্বপূর্ণ ঋণ সংশ্লিষ্ট দলিল। বর্তমানে বিভিন্ন ব্যাংক কর্তৃক ব্যবহৃত ‘পার্সোনাল গ্যারান্টি ফরম’ এ ভিন্নতা থাকায় উক্ত ফরমের অভিন্নতা আনয়নের লক্ষ্যে বাংলায় এবং ইংরেজিতে ‘পার্সোনাল গ্যারান্টি ফরম’ প্রস্তুত করা হয়েছে যা এতদসঙ্গে সংযুক্ত করা হলো।
- ২। এক্ষেত্রে, ঋণ প্রদানের ক্ষেত্রে পার্সোনাল গ্যারান্টি গ্রহণের প্রয়োজনে আপনাদেরকে আলোচ্য অভিন্ন ‘পার্সোনাল গ্যারান্টি ফরম’ ব্যবহারের নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য, ‘পার্সোনাল গ্যারান্টি ফরম’ এর বাংলা ও ইংরেজি সংস্করণের মধ্যে কোনো বৈসাদৃশ্য পরিলক্ষিত হলে বাংলা সংস্করণটি প্রাধান্য পাবে।
- ৩। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
- ৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ বায়েজীদ সরকার)

পরিচালক (বিআরপিডি)

ফোনঃ ৯৫৩০২৫২

পার্সোনাল গ্যারান্টি ফরম

বরাবর

তারিখ:

ব্যবস্থাপক

ব্যাংক শাখার নাম

ব্যাংকের নাম

(পরবর্তী সকল ক্ষেত্রে 'ব্যাংক' হিসাবে উল্লেখ করা হয়েছে)

গ্যারান্টিরের স্বাক্ষর

উভয় হাতের বৃদ্ধাঙ্গুলির ছাপ

প্রিয় মহোদয়/ মহোদয়া,

আপনাদের ব্যাংক হতে নাম: (পরবর্তী সকল ক্ষেত্রে 'প্রধান দেনাদার' হিসাবে উল্লেখ করা হয়েছে),
পিতা/মাতা/স্বামী/ স্ত্রীর নাম:, বর্তমান ঠিকানা :, জাতীয় পরিচয় পত্র
নম্বর: এর অনুকূলে আপনাদের ব্যাংকের ঋণ মঞ্জুরীপত্র/ ঋণচুক্তি নং (পরবর্তী সকল
ক্ষেত্রে 'ঋণচুক্তি' হিসাবে উল্লেখ করা হয়েছে), তারিখ: (দিন-মাস-সাল) এর মাধ্যমে মঞ্জুরীকৃত ঋণসুবিধা টাকা:
(অংকে).....(কথায়) (পরবর্তী সকল ক্ষেত্রে 'ঋণ' হিসাবে উল্লেখ করা হয়েছে) প্রদানের বিপরীতে আমি
নাম:....., জাতীয় পরিচয়পত্র নং:, বর্তমান ঠিকানা:, স্থায়ী ঠিকানা:
..... (পরবর্তী সকল ক্ষেত্রে 'গ্যারান্টর' হিসাবে উল্লেখ করা হয়েছে) অপ্রত্যাহারযোগ্য এবং নিঃশর্তভাবে
নিম্নোক্ত গ্যারান্টি প্রদান করছি:

১। প্রধান দেনাদার আপনাদের পাওনা পরিশোধে ব্যর্থ হলে উক্ত ঋণ ও এর উপর আরোপিত সুদ এবং প্রযোজ্য যে-কোনো চার্জ
এবং ফি বকেয়া হওয়া সাপেক্ষে আপনাদের প্রথম দাবির নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রধান দেনাদারের প্রসঙ্গ
উল্লেখ না করে অথবা উক্ত দাবির বিষয়ে কোন প্রশ্ন/যুক্তিতর্ক উত্থাপন ব্যতিরেকে উক্ত পাওনা পরিশোধে আমি দায়বদ্ধ থাকবো।

২। নির্ধারিত সময়ের মধ্যে গ্যারান্টি সংশ্লিষ্ট দেনা পরিশোধে ব্যর্থ হলে, উক্ত দেনা পরিশোধ না হওয়া পর্যন্ত সময়ে সময়ে ব্যাংক
কর্তৃক নির্ধারিত যে-কোনো বিলম্ব পেমেন্ট ফি, চার্জ, ক্ষতিপূরণ ইত্যাদি পরিশোধে আমি দায়বদ্ধ থাকব।

৩। আলোচ্য ঋণচুক্তির আওতায় আমার দায় প্রধান দেনাদারের দায়ের সাথে সমবিস্তৃত/সহব্যাপী (co-extensive) থাকবে।
আলোচ্য ঋণের বিষয়ে ব্যাংক প্রধান দেনাদারের বিরুদ্ধে মামলা দায়ের করার সময় আমাকে বিবাদী পক্ষ করতে পারবে। আদালত
কর্তৃক প্রদত্ত রায়, আদেশ বা ডিক্রী সকল বিবাদীর বিরুদ্ধে যৌথভাবে ও পৃথক পৃথকভাবে (jointly and severally) কার্যকর
হবে এবং ডিক্রী জারীর মামলা সকল বিবাদী-দায়কের বিরুদ্ধে একইসাথে পরিচালিত হবে। তবে শর্ত থাকে যে, ডিক্রী জারীর
মাধ্যমে দাবী আদায় হওয়ার ক্ষেত্রে আদালত প্রথমে প্রধান দেনাদার এবং অতঃপর যথাক্রমে তৃতীয় পক্ষ বন্ধকদাতা (Third party
mortgagor) ও গ্যারান্টর হিসেবে আমার সম্পত্তি যতদূর সম্ভব আকৃষ্ট করবে।

৪। এই গ্যারান্টি একটি ধারাবাহিক নিরাপত্তা হিসেবে গণ্য হবে এবং প্রধান দেনাদার কর্তৃক ঋণচুক্তির অধীনে প্রদত্ত ঋণ সম্পূর্ণরূপে
পরিশোধ না হওয়া পর্যন্ত তা কার্যকর থাকবে।

৫। প্রধান দেনাদার বা গ্যারান্টর কর্তৃক ঋণের আংশিক অর্থ পরিশোধের বিপরীতে এই গ্যারান্টির দায় নিষ্পত্তি হবে না।

৬। আমার সম্মতি গ্রহণ সাপেক্ষে ব্যাংক কর্তৃক ঋণ ফেরত প্রদানের জন্য প্রধান দেনাদারকে প্রদত্ত সময় বর্ধিত করা হলে বা প্রধান
দেনাদারকে কোনো ছাড় বা অব্যাহতি প্রদান করা হলে বা ঋণচুক্তির কোনো শর্ত পরিবর্তন করা হলে তা এই গ্যারান্টির অধীনে সৃষ্ট
আমার দায়কে প্রভাবিত করবে না।

৭। এ গ্যারান্টি আমার এবং আমার উত্তরসূরীদের উপর ব্যাংকের অনুকূলে সৃষ্ট একটি আইনগত দায় এবং ব্যাংকের গঠনতন্ত্র (সংঘবিধি ও সংঘ-স্মারক) পরিবর্তন, ব্যাংক একীভূতকরণ বা ব্যাংকের অধিগ্রহণ সত্ত্বেও উক্ত দায় বহাল থাকবে।

৮। এ গ্যারান্টি ফরমে বর্ণিত শর্তাবলীর আওতায় আলোচ্য গ্যারান্টি পরিচালিত হবে এবং ব্যাংক ও গ্যারান্টি দাতার লিখিত সম্মতি ব্যতীত এই পত্রে বর্ণিত অন্য কোনো দলিল অথবা এই গ্যারান্টি সংশ্লিষ্ট অন্য কোনো দলিলের দ্বারা এ গ্যারান্টি ফরমে বর্ণিত শর্তাবলীর কোনো সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন করা যাবে না।

৯। ব্যাংক এবং গ্যারান্টর এর উভয় পক্ষের সমঝোতার ভিত্তিতে লিখিত চুক্তির মাধ্যমে এই গ্যারান্টি বাতিল করা যাবে।

১০। প্রদত্ত ঋণের সম্পূর্ণ অর্থ চূড়ান্তভাবে পরিশোধের পর অবিলম্বে এই গ্যারান্টি বাতিল বলে গণ্য হবে এবং গ্যারান্টি ফরমটি আমার অনুকূলে ফেরত প্রদান করতে হবে।

১১। এই গ্যারান্টি বাংলাদেশের বিদ্যমান আইন দ্বারা পরিচালিত এবং নিয়ন্ত্রিত হবে।

১২। প্রধান দেনাদার কর্তৃক ঋণ পরিশোধে ব্যর্থতার কারণে যেমনভাবে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে তেমনভাবে এ ব্যক্তিগত গ্যারান্টি ফরমটি বাংলাদেশের যে-কোনো উপযুক্ত আদালতে আইনগতভাবে প্রয়োগযোগ্য একটি দলিল হিসাবে গণ্য করা যাবে।

১৩। ব্যাংক কর্তৃক এ গ্যারান্টি ফরমে উল্লিখিত গ্যারান্টরের ঠিকানায় অথবা তাঁর সর্বশেষ জ্ঞাত ঠিকানায় দাবি, অনুরোধ বা অন্য যেকোনো উদ্দেশ্যে যেকোনো ধরনের নোটিশ রেজিস্ট্রিকৃত ডাকযোগে প্রেরণ করা হলে তা যথাযথভাবে প্রেরিত হয়েছে মর্মে গণ্য হবে।

১৪। আমি এই মর্মে আরও ঘোষণা করছি যে, আমি এমন কোনো কার্য সম্পাদন করবো না বা করার কারণ হবো না যা উপর্যুক্ত ঋণচুক্তির অধীনে প্রদত্ত ঋণের বিপরীতে ব্যাংকের নিকট গচ্ছিত জামানতের মূল্যমানকে অবমূল্যায়িত/ ক্ষতিগ্রস্ত করে অথবা প্রধান দেনাদার বা কোনো সহ-জামিনদার দেউলিয়া হওয়ার ক্ষেত্রে আলোচ্য ঋণ সম্পূর্ণ পরিশোধ হওয়ার পূর্বে আমি তাদের নিকট এমন কোনো দাবি উত্থাপন করবো না যা ব্যাংকের ঋণ ফেরত প্রদানে তাদের জন্য কোনো বাধা তৈরি করে।

নিম্নস্বাক্ষরকারী সাক্ষীগণের সম্মুখে গ্যারান্টর হিসেবে এই ব্যক্তিগত গ্যারান্টি ফরমটি সম্পাদন করা হলো যা উপরে উল্লিখিত তারিখ হতে যথাযথভাবে কার্যকর হবে।

.....

ব্যক্তিগত গ্যারান্টি প্রদানকারীর স্বাক্ষর

নাম:

যোগাযোগের নম্বর:

সাক্ষী নং-১

.....

স্বাক্ষর

পূর্ণ নাম:

পিতা/মাতা/স্বামীর নাম:

ঠিকানা:

সাক্ষী নং-২

.....

স্বাক্ষর

পূর্ণ নাম:

পিতা/মাতা/স্বামীর নাম:

ঠিকানা:

Personal Guarantee Form

Date:

To

The Manager

Name of the branch

Name of the bank

(Hereinafter referred to as "Bank")

Signature of the
Guarantor

Thumb impression
(both hand) of the
Guarantor

Dear Sir/Madam,

In consideration of your granting loan facility (hereinafter referred to as the "Loan") amounting to Taka (in number) (in word) only, vide sanction advice no. / loan contract no. (hereinafter referred to as the "Loan Contract") dated(dd/mm/yyyy), in favor of name: (hereinafter referred to as the "Principal Debtor"), father's /mother's/ spouse's name:, present address:, NID no:, I, name: (hereinafter referred to as the "Guarantor"), present address:, permanent address:, NID no: do hereby irrevocably and unconditionally guarantee you as follows:

1. In the event of any default on the part of the Principal Debtor, I will be liable to pay the due amount of the Loan along with interest accrued and any charges and fees applicable thereon within 07 (seven) working days of the receipt of your first demand notice without raising any question/ argument or referring to the Principal Debtor.
2. In the event of failure to pay the guaranteed amount within the stipulated time, I shall be liable to pay any late payment fees, charges, compensations etc. decided by the Bank from time to time until the payment is made.
3. My liability under this Loan Contract is co-extensive with that of the Principal Debtor. In respect of the said Loan, the Bank shall be entitled to implead me as a defendant at the time of filing any suit against the Principal Debtor. Any judgment, order, or decree passed by the Court shall be enforceable against all defendants jointly and severally, and the execution proceedings in respect of the decree shall be carried out simultaneously against all defendants/obligors. Provided, however, that in the course of realization under such decree, the Court shall, to the extent possible, first proceed against the assets of the Principal Debtor and thereafter, in due order, against the properties of the Third-Party Mortgagor and, as guarantor, against my property.
4. This guarantee shall be a continuous security and shall remain valid until the amount due from the Principal Debtor is fully paid.
5. This guarantee shall not be discharged or ceased by any partial payment of the Loan by the Principal Debtor or by the Guarantor.
6. My liability under this guarantee shall not be affected nor shall this guarantee be discharged by reason of the Bank granting more time to repay the loan or indulgence or concession to the Principal Debtor or due to any change in the terms & conditions of the Loan Contract if prior consent has been taken from me.

7. This guarantee constitutes a legally binding obligation upon me and my successors and shall remain effective notwithstanding any change in constitution (Article of Association and Memorandum of Association) of the Bank or due to the event of amalgamation, merger or acquisition of the Bank.
8. This instrument sets forth the terms and conditions of the guarantee and the same shall not in any way be modified, amended or amplified by reference to any document or instrument referred to herein or to which this guarantee relates without a written instrument signed between the Bank and the Guarantor.
9. This guarantee can be terminated through a written agreement between the parties (the Bank & the Guarantor) hereto as per the terms agreed mutually.
10. Upon the full and final repayment of the loan, this guarantee shall cease to continue forthwith and you shall return this guarantee to me.
11. This guarantee shall be construed and governed by the existing laws of Bangladesh.
12. This Guarantee shall be treated as an instrument legally enforceable at any appropriate court of law in Bangladesh as is the issue of failure to repay enforceable against the Principal Debtor.
13. Any notice from the Bank, by way of demand, request or otherwise hereunder, may be sent at the address of the Guarantor mentioned here or at his/her last known address, shall be deemed to have been duly served when the same has been sent through registered post.
14. I hereby also declare that I shall not do or cause anything to be done which may undermine or impair the value of any security held by the bank against the indebtedness hereby guaranteed or, in case of bankruptcy of the Principal Debtor or of a co-surety shall not prove in competition until the full amount is repaid.

In witness whereof the Guarantor has caused this Personal Guarantee to be duly executed on the date mentioned above.

Guarantor's signature

Name:

Contact No:

Witnesses 1

Signature:
Full name:
S/O or D/O or W/O:
Address:

Witnesses 2

Signature:
Full name:
S/O or D/O or W/O:
Address: